নন্টে ফন্টে

কালেকশন

১৬, ১৭, ১৮


নন্টে আর ফন্টে
নারায়ণ দেবনাথ
এই জোরালো শিরিষের আঠা আমাদের খাবার চুরি থেকে আটকে রাখবে।
হিঃ হিঃ! ওস্টুল ছেড়ে উঠতেই পারবে না!
সুতরাং
স্যার তোদের ক্লাসটা আমাকে নিতে বলেছিলেন। ব্যস এবার টিফিনের সময় হয়েছে, এবার সব বাইরে যাও।
এইবার দেখবো কোথায় কি সুখাদ্য লুক্কায়িত রয়েছে। পেলে টিফিনটা ইরক! আমি স্টুলের সঙ্গে সেঁটে গেছি!
বাহ! কেউ আমাকে এই অবস্থায় দেখে ফেলার আগেই স্যারের ঘর থেকে আঠা তোলার জিনিস খানিকটা নিয়ে আসি!
প্রথমে নিশ্চিত হয়ে নি যে, স্যার ভিতরে আছে কি নেই।
বোতলে কালি নেই স্টোর থেকে একটা নতুন বোতল নিয়ে আসি।
ধ্যাৎ! এবার আবার পায়া রেডিয়েটরের খাঁজে গুঁজে গেলো! নিজেকে মুক্ত করতে আমাকে জোরে হ্যাচকা টান মারতে হবে।
মুক্ত হয়েছি! ইয়াহু!


যাক্‌, এক বোতলে আবার বেশ কিছুদিন চলে যাবে!
ওফ্‌স!
কেল্টু! শিগগির এদিকে আয়!
মরেছে! এসো সুপারিনটেণ্ডেণ্ট স্যার! আমি আর এখানে নেই!
গর্‌র্‌! সুপারিনটেণ্ডেণ্ট স্যার ধরার আগেই আমাকে এই হতচ্ছাড়া স্টুলটাকে ঝেড়ে ফেলতে হবে!
তাজ্জব কী বাত! কোন তো ইখানে ঠেলাগাড়ি ছোড়িয়ে যাই নাই। আমি উটাকে জোরসে ধাক্কা মারকে হঠিয়ে দিব
জোরসে ধাক্কা লাগিয়ে রাস্তাসে ইটা হঠিয়ে দি। হায় রাম!
ইঁয়োফ্‌!
দাঁড়া, কেল্টুর ওপর যতক্ষণ আমার হাত না পড়ে—ওফ্‌!
মর্কট! আমাকে মসীলিপ্ত করে আবার উদরে মস্তকের আঘাত দিয়ে আহত করার চেস্টা? দ্যাখ্‌ কেমন লাগে!
ঠনাৎ!
গেছি রে!
হেঃ হেঃ! কেল্টোর পাছায় স্টুলের পায়া যেন হুলের মতো উঁচিয়ে আছে রে, মাইরি!

নন্টে আর ফন্টে
নারায়ণ দেবনাথ
বাইরে ওখানে কি হচ্ছে ?
ফুঁ দিয়ে বুদবুদ তৈরি এখুনি বন্ধ কর !
মরেচে ! স্যার দেখে ফেলেছে, শিগগির পালা !
হিঃ হিঃ ! আমি রান্নাঘরের জানলা দিয়ে এই উপাদেয় পায়েসের বাটিটা বাগিয়েছি !
কেল্টু !
উলপ্ সুপারিনটেণ্ডেণ্ট স্যার !
নন্টে আর ফন্টেকে দেখলাম ফুঁ দিয়ে বুদবুদ তৈরি করতে। যা ওটা বন্ধ কর গিয়ে !
আঃহা ! পায়েস !
এরপর বুদবুদ ছাড়নেওয়ালা কাউকে ধরলে বেতিয়ে লাল করে দেবো !
এটা আমি নিচ্ছি ! হেঃ হেঃ !
গরর ! পাজি ! ছুঁচো ! পায়েসটা ফিরিয়ে দিয়ে যা !
ফান্টুবাবু ! তব আপনি পায়েস চোরি করিয়েছেন ! এখুন জলদি ওয়াপস করিয়ে দিন।
আমি ওকে এই ছড়ি দিয়ে লেঙ্গি লাগাই !

অ্যাই মরেছে! আমি হোঁচট খেয়েছি!
গররর!
সেরেছে! তড়িঘড়ি সরে পড়ি!
আমি ঘুরে রান্নাঘরের দিকে গিয়ে দেখি বাইরে থেকে কোন খাবার আমার হাতানো যায় কি না।
গরর! এ তো কেল্টো। আমি ওকে ওর ছড়ি ফিরিয়ে দেবো!
বাহ! শুধু একটা তরল সাবানের বোতল ছাড়া আর কিছু নেই।
উফ্! সব্জী কা ঝাড়ি বহোত ভারী!
হায় রাম!
কেউ এখনো বুদ্‌বুদ্ ছাড়ছে! তাকে আমি উচিত শিক্ষা দিয়ে দিচ্ছি!
পাজী! মর্কট! এটাই তোর উপযুক্ত পাওনা!
এখন আর আমাদের বুদ্‌বুদ্ ছাড়তে হবে না। আমাদের জন্যে কেল্টো যথেষ্ট ছাড়ছে!
ইয়োলচ! গ্লুলব! ইয়োপ!

নন্টে আর ফন্টে
নারায়ণ দেবনাথ
ওসব কি নিয়ে যাচ্ছিস, কেল্টু?
ওঃ, এ শুধু অঙ্কের কিছু পুরোনো টেকস্ট বই স্যার।
হেঃ হেঃ! এবার আমি স্যারকে ধোঁকা দিতে পেরেছি! একটা উপাদেয় জ্যাম স্পাঞ্জ রাখার জন্যে বইগুলিতে গর্ত করা হয়েছে!
যতক্ষণ না খেতে পারছি এটা ড্রয়ারে লুকিয়ে রাখি
আর আমিও ওপরের ড্রয়ার টেনে বের করি।
হাঃ হাঃ!
কেলেটা এখন চোখে সর্ষেফুল দেখছে সেই মওকায় আমি ওর জ্যাম স্পাঞ্জ হাতিয়ে নিয়েছি! হেঃ হেঃ!
মরেছে! স্যার! উনি নিশ্চয়ই আমাকে জ্যাম স্পাঞ্জ শুদ্ধু দেখে ফেলেন নি।
এটা আমি এই ফাঁপা মূর্তিটার ভেতরে লুকিয়ে রাখি।

সব ঝাড়পোঁছ শেষ। এবার এই মুখটাকে একটু সাফাই করা দরকার।
ফন্টেটা যে কোথায় গেলো! আরে! একটা জ্যাম স্পঞ্জ!
ঐ যে যাচ্ছে নচ্ছার ফন্টেটা! ওকে যদি আমি অনুসরণ করি, ও আমাকে আমার জ্যাম স্পঞ্জের কাছে পৌঁছে দেবে।
আঃহা! ও ঐ মুখটার মধ্যে ওটা লুকিয়েছে!
নন্টে জানেই না কেল্টোর কাছ থেকে আমি কি জিনিস হাতিয়েছি!
আমাকে দে, চোর কোথাকার!
এখানে কি হচ্ছে?
ওফ! ফন্টেটা আচমকা ছেড়ে দিয়ে পালালো!
থপাৎ!
কেল্টোদার এলেম আছে বলতে হবে। যে ভাবেই হোক স্যারের মুণ্ডু পালটে দিয়েছে হিঃ হিঃ
স্যারের সাড়া পেয়েই আমি ছেড়ে পালিয়েছিলাম তাই স্যারের ধারণা কেল্টোই মুণ্ডু ছুঁড়েছে! হাঃ হাঃ!

নন্টে আর ফন্টে
নারায়ণ দেবনাথ
এই এক বাক্স ক্রীম কেক কেল্টোর নজর এড়িয়ে এখন কোথায় রাখা যায় বলতো ফন্টে ?
ক্রীমকেক
স্যার বলেছে আধঘণ্টার মধ্যে ওর ঘরের সামনের উঁচু নিচু জায়গাটা রোলার দিয়ে সমান করে দিতে। তুই এখন কোন জায়গায় লুকিয়ে রাখ।
পায়েসটা সাংঘাতিক গরম। ঠাণ্ডা হওয়ার জন্যে আমি এটা জানালার কাছে রেখে দি।
অ্যাই !
হেঃ হেঃ ! আমার বিশেষ নক্সায় তৈরি খাবার হাতানোর এই হাতাটা বেশ কাজ দিয়েছে !
গেছি রে !
কেল্টো !
এই রিপোর্টগুলি আমাকে মনযোগ দিয়ে দেখতে হবে
ফ্যাচাৎ !

আরঘ্‌হ্! আমি পুড়ে গেলুম!
যে এটা ঘটিয়েছে সেই ডাঁড়টাকে আমি কোতল করে ফেলবো!
ওওওওঃ!
ঘটাস!
কেল্টু!
উলক! জলদি কেটে পড়া যাক!
একটা মতলব এসেছে। ওকে আটকে রেখে আমরা ক্রীম কেক খাবো।
সুপারিনটেণ্ডেণ্ট স্যারের হাত থেকে বাঁচার জন্যে লুকোবার একটা জায়গা আমার জানা আছে।
নিয়ে চল!
সিঁড়ির নীচে ঝাঁটা বুরুশ রাখার জায়গা! উনি এখানে কখনই দেখবেন না!
বাঁচালি, ফন্টে!
হিঃ হিঃ! এবার আমি হতচ্ছাড়াটাকে ভেতরে রেখে ছিটকিনি আটকে দি!
এই যে, নন্টে! এবার ক্রীম কেক বেশ নিশ্চিন্তে খাওয়া যাবে। কেল্টোটাকে সিঁড়ির নীচের ঝাঁটা বুরুশ রাখার খুপড়িতে ছিটকিনি আটকে রেখেছি!
ঝাঁটা বুরুশের খুপড়ি?!
ওখানেই তো আমি ক্রীম কেক লুকিয়ে রেখেছি!
ওঃ ওঃ, কি সর্বনাশ!
হেঃ হেঃ! আমাকে সত্যিই ভালো জায়গায় লুকিয়েছিস আর কেকগুলিও বেশ সরেস! চাকুম চুকুম! উলস!

নন্টে আর ফন্টে
নারায়ণ দেবনাথ
আমার এই টিফিন থেকে আমি একটা ক্ষীর পিঠে নিয়ে ক্লাশে যাই এই কারণে যে খিদে পেলে খাওয়া যাবে!
অন্যটা আমি পরের বারের জন্যে রেখে গেলাম।
কেল্টু!
মরেচে! স্যারের গলা বলে মনে হচ্ছে!
ক্ষীর পিঠে আমি হাতে করে নিয়ে যাচ্ছি এটা ওকে দেখতে দেবো না! এটাকে আমি এপাশে রেখে দিই।
আমার পিছনে ফিক ব্যাথা ধরেছে তাই সোজা হতে পারছি না রে, কেল্টু!
উফস! বইগুলি কি ভারী! এখানে যে একটা কাপবোর্ড আছে তাতে কয়েক মিনিটের জন্যে বোঝাটা একটু রাখি। নন্টেকে ডাক্তারের কাছে পাঠিয়ে স্যার আমাকে বইগুলি ঝেড়ে মুছে রাখতে বলেছে।
আমি আজ আর কোন ক্লাশ নিতে পারবো না, তাই...
আঃ! কি স্বস্তি!
আগ্হ্!
কি সাংঘাতিক! ফন্টেটা নির্ঘাত বোর্ডিং স্কুলে লুকিয়ে বাইরের খাবার আমদানি করছে!
উরফ! এটা আমার দোষে হয়নি।

বাহ! কেল্টোটা নিজের দোষটা আমার ঘাড়ে চাপিয়ে দিলো। আমি এজন্যে ওর কাছে কৈফিয়ত চাইবো।
আচ্ছা, কেল্টুদা এখানে নেই কিন্তু সুস্বাদু একটা ক্ষীর পিঠে রয়েছে! হিঃ হিঃ!
কেল্টুদার জন্যে আমাকে চোট খেতে হয়েছে সুতরাং এখন আমি ওর এই ক্ষীর পিঠে নিচ্ছি খাওয়ার জন্যে! এটাই উচিত!
ফন্টে! আমার ক্ষীরেরপিঠে ফিরিয়ে দিয়ে যা!
মরেচে! আমায় দেখে ফেলেছে।
আমি এটাকে বাগানের বেড়ার ওধারে লুকিয়ে ফেলি।
আমি ওটা দেখেছি!
ক্ষীর পিঠে এখানে কি করছে?
ক্ষীর পিঠে? আমি একটাও ক্ষীর পিঠে পাই নি!
না-এখানে না! তুই ওটা বেড়ার ওপাশে রেখেছিস।
!
আউফ্‌স্‌!
গরর! দ্যাখ্‌ কেমন মজা!
একি! ডাক্তার আসার আগেই স্যার কেল্টোর পিছনে দৌড়োচ্ছে যে রে!
হিঃ হিঃ! কেল্টো স্যারের কোমর জোড়া করে দিয়েছে, কিন্তু স্যারকে সেজন্যে মোটেই কৃতজ্ঞ বলে মনে হচ্ছে না।

নন্টে আর ফন্টে
নারায়ণ দেবনাথ
আমাদের কাছে খাবার নেই, কেল্টুদা! বাজনা প্র্যাকটিশের জন্যে এটা শুধু আমার বেহালা।
আমার মনে আছে আগে একবার এই বেহালার বাক্স নিয়ে আমার সঙ্গে চালাকি করেছিলো। তার মধ্যে বেহালার বদলে ভর্তি ছিলো খাবার দাবার!
মাত্র এক সেকেণ্ডের জন্যে তোদের এই সুন্দর বেহালাটা আমি দেখতে চাই!
দারুণ যন্ত্র, তাই না, কেল্টুদা?
যদিও বেহালাই রয়েছে তবুও সন্দেহ হচ্ছে!
হাঃ হাঃ! আমরা কেল্টুকে এই নকল বেহালা দিয়ে বোকা বানিয়েছি—এটা শুধু আমাদের খাবার রাখার পাত্র!
আমি জানতাম এরকম কিছু হবে!
ফন্টে দ্যাখ! কেল্টুদা!
হিঃ হিঃ! এবার ঐ নকল বেহালাটা কেড়ে নেবো!
জলদি ওটা এই ফোঁকোরের মধ্যে ঢুকিয়ে দে!
বেহালাটা কোথায়?

হাতে কলমে কাজ শেখার ঘরে বসে তুমি আমার বেহালাটা পালিশ করে দাও, মিস্ত্রি! কিন্তু সাবধান। এটা অত্যন্ত মূল্যবান যন্ত্র!
ঠিক আছে, স্যার!
আঃহা! ওটা তাহলে ওরা মিস্ত্রির হাত দিয়ে হাতে কলমে কাজ শেখার ঘরে পাচার করছে!
এই দামী বেহালার জন্যে আমি স্পেশাল পালিশ কিনে আনি!
চমৎকার! ও ওটা ওখানে রেখে গেছে!
বাহ! পেছনটা খোলার নির্ঘাত কোন গোপন পদ্ধতি আছে!
দরজার পাশে ঘা মেরে ভেঙে এটা খুললো!
মিস্ত্রি কতদূর কি করলো?
মরেচে!
আমার বহুমূল্যবান বেহালা!
গরর! এই দ্যাখ–আর এই দ্যাখ!
হাঃ হাঃ! আমাদের খাবার সাবাড় করার এই খাসা মওকা! আশা করি কেল্টোর মনও এখন অন্য চিন্তায় ব্যস্ত!

নন্টে ফন্টে
ারায়ণ দেবনাথ
কেল্টো রোজ আমাদের খাবার থেকে জবরদস্তি সিংহভাগ নিয়ে নিচ্ছে কি করা যায় বলতো, মাইরি!
দাঁড়া, ওকে জব্দ করার একটা ফন্দি বের করেছি।
রান্নাঘর খাবারঘর
এই যে, ঠাকুর! তুমি প্লেটে খাবার দিয়ে দাও আমরা দুজনে টেবিলে নিয়ে সাজিয়ে দি।
হাঁ হাঁ! ইতো বহুত ভালো কোথা নান্টু আউর ফান্টুবাবু!
কড়া শিরিসের আঠা দিয়ে কেল্টোরূপী পাঁঠা কি করে জবাই হয় দেখবি।
কেল্টো সবার আগেই হাজির হয়েছে রে, ফন্টে!
দ্যাখ সামনের প্লেটটায় আমি ডবল খাবার দিয়ে রেখেছি। কেল্টোর নজরে ঠিক ওতে পড়বে!
হেঃ হেঃ! মনে হচ্ছে এটাই আমার জন্যে, এটাকে আমার জায়গায় নিয়ে যাই।
এই রে! এটা যে কাপড়ের সঙ্গে সেঁটে ছিলো!

এই রে! স্যার নিজে হাজির!
কেল্টু! এসবের মানে কি?
এই দুষ্কর্মের জন্যে আজ তোমার খাওয়া বন্ধ, কেল্টু!
সুযোগ এলে আমিও মজা দেখাবো!
বাঃ বাঃ
পরদিন সুযোগ এলো
তোমার একটা পার্শেল আছে, ফন্টে!
নির্ঘাত মা আমার জন্যে চকোলেট পাঠিয়েছে!
ওঃহ্! চকোলেট!
উঁহু! ওটা আমাকে দিন, ডাকবাবু! এ ব্যাপারে কড়া নির্দেশ আছে যে বাইরের খাবার বোর্ডিং স্কুলে নিয়ে যাওয়া চলবে না।
আপনি যেরকম বলেন।
এটা কি করে হবে, কেল্টুদা?
এটা উচিত হচ্ছে না, কেল্টুদা! ওটা বাড়ি থেকে পাঠানো জিনিস।
কাল আমাকে হেনস্তা করেছিলি ভুলে গেছিস?
এটা খুব ভালো কাজ হলো না, কেল্টুদা!
কি ব্যাপার রে, ফন্টে?


বাড়ি থেকে আমাকে পার্শেলে পাঠানো চকোলেটের প্যাকেট কেল্টোটা ছিনিয়ে নিলো, মাইরি!
শোন, আমি ওকে বলি স্যার ডাকছেন, তাহলে ও ওটা ঘরে রেখে যাবে, আর সেই তালে আমরা—
যাঃ! ও যে চকোলেটের বাক্সটাও সঙ্গে নিয়ে বেরিয়েছে রে, নন্টে! গোটা ব্যাপারটাই কেঁচে গেলো, মাইরি!
চল, আমরা ওর পেছনে যাই!
আধঘণ্টা পর
কেল্টো সুপারিনটেণ্ডেণ্ট স্যারের ঘর থেকে বেরোচ্ছেই না যে রে! অথচ আসলে তো ওকে স্যার ডাকেই নি!
চুপ! ও বেরিয়ে আসছে, ফন্টে!
যদিও আমি তোকে ডাকি নি, কেল্টু, তবুও তুই এসে চকোলেট খাওয়ানোয় আমি খুব খুশী!
আমিও খুশী, স্যার!
আহ্! এই যে তোরা, নন্টে আর ফন্টে! আমার হয়ে তোরা ভালো ছেলের মতো চকোলেটের এই বাক্সটা ডাস্টবিনে ফেলে দে! হেঃ হেঃ!
গরর!
বাহ্! চিমড়ে হতভাগা! ওকে এজন্যে ফলভোগ করতে হবে। শোন, আমি একটা মতলব ঠাউরেছি। কিন্তু কালকের আগে কিছু করা যাবে না!
আমি তোকে সাহায্য করবো, ফন্টে!

পরদিন
ঠিক নন্টে! আমরা যাবো আর যেন হঠাৎই কেল্টোর ঘরের কাছে তোর আর আমার দেখা হবে!
এই, ফন্টে! ডাকপিয়ন বললো মাল ভর্তি একটা বড় ঝুড়ি কে যেন তোকে পাঠিয়েছে!
তাই নাকি? তাহলে তো এখুনি যেতে হয়, নন্টে!
পিওনবাবু এও বলেছে যে মনে হয় খাবারের ঝুড়ি হতে পারে, ফন্টে!
সত্যি, নন্টে! তাহলে ছুটে চল কেল্টুদা গিয়ে ঝামেলা পাকাবার আগেই যাতে নিয়ে আসতে পারি!
সব আমার কানে গেছে! আমি এই জানালা গলে সর্ট কাট করে নন্টে আর ফন্টে যাবার আগেই গিয়ে ওই ঝুড়ি হাতিয়ে নেবো!
নন্টে আর ফন্টে আন্দাজ করেছিলো যে কেল্টু জানালা গলে বেরোবে
গ্রপ্‌ৎ!
পোস্ট অফিস
থুৎ! গরর্‌! ওরা আগেই এসে গেছে! এই যে, ডাকবাবু, থামুন! ওদের দেবেন না, ওটা বাজেয়াপ্ত করা হবে!

সরে যা, নন্টে আর ফন্টে! ওই ঝুড়িটা আমি স্যারের নির্দেশে বাজেয়াপ্ত করছি। ওটা এখনি আমার হাতে তুলে দিন!
বেশ তাই হবে—
—তবে দশটা টাকা লাগবে ডেলিভারি নিতে হলে এবং সেটা নগদে!
এঃ? ওহ... ইয়ে... আমি এটা আশা করি নি! ঠিক আছে এই যে!
উরিব্বাস! বয়ে নিয়ে যেতে বেজায় কস্ট কিন্তু দেখে মনে হচ্ছে দশ টাকার চেয়ে অনেক বেশী মাল এই বড় ভারী ঝুড়িতে আছে!
থান ইঁট দিয়ে আমাকে ধোঁকা? আমি মজা মজা টের পাওয়াবো!
দশ টাকার এক ঝুড়ি খাবার ফস করে আধলা ইঁট হয়ে গেলো! হিঃ হিঃ!
তোকে বোর্ডিং স্কুলের পূজোর বন্ধের আগে বন্ধুদের নিয়ে খাওয়ার জন্যে ডাকে পাঠানো খাবারের প্যাকেট নিয়ে কেল্টোটার কাণ্ড দেখে আমি বাড়িতে জানিয়েছি কিছু পাঠালে কারোর হাত দিয়ে পাঠাতে।
পরদিন
এই যে, নন্টে! তোকে এটা বাড়ি থেকে পাঠালো পূজোর ছুটির আগে স্কুল বন্ধুদের নিয়ে খাবার জন্যে।
ওহ্! দারুণ ভালো হলো, খেপলুদা!
নন্টেকে খাবারের বাক্স দিয়ে গেলেন বুঝি? বেশ ভালো! খুবই চমৎকার ছেলে, নন্টে।
এঃ?

তোকে কেকের বাক্স দিতে এসেছিলো দিয়ে গেছে। এবার তুই ওটা আমার কাছে দে, না হলে তোরা এইসব আজে বাজে জিনিস বড্ড বেশী খেয়ে ফেলিস!
এটা তুমি করতে পারো না, কেল্টুদা!
স্যার আমার ঘরে আমার জন্যে অপেক্ষা করছেন, তাই এই কেকটা আমি এখানে লুকিয়ে রাখি!
হতচ্ছাড়া পাজি! ওটা চাবি দেওয়া থাকে জোর করে খুলতে গেলে ঘণ্টা বেজে উঠবে!
কেল্টুদা ওটা ট্রফির আলমারিতে লুকিয়ে রাখলো রে, নন্টে!
আমরা অগ্নি নির্বাপণ শিক্ষার জন্য নকল সঙ্কেত দেওয়া শুরু করবো, ফন্টে। আর তারপর যখন সবাই বেরিয়ে পড়বে সেই তালে আমরা জোর করে আলমারিটা খুলবো!
বিজ্ঞপ্তি
অগ্নি নির্বা
হুঃ! এতে আমি যাচ্ছি না! এর চেয়েও ভালো কাজ আমার করার আছে– উদাহরণ স্বরূপ নন্টের কেকটা চেখে দেখা!
অগ্নি নির্বাপণ শিক্ষা দেওয়া হবে। আজ বিকাল
পরিকল্পনা মতো
সঙ্কেত দিয়ে দিয়েছি! এবার দৌড়ে গিয়ে নন্টেকে আলমারি খুলতে সাহায্য করি!
নন্টে আর ফন্টে। তোরা আগুন লাগার সঙ্কেত ধ্বনি শুনেছিস, এবার স্টিরাপ পাম্প নে তারপর বাইরে এসে আমাদের অন্য সবাইয়ের কাছে কোথায় কি তার রিপোর্ট কর!
অহ্-ইয়ে! হ্যাঁ স্যার!



পুরো প্ল্যানটাই গুবলেট হয়ে গেলো মাইরি, নন্টে!
FIRE
ট্রফি ঘরের জানালার কাছে এসে
অ্যাই, দ্যাখ! আলমারি কাছে কেল্টো! জলদি স্টিরাপ পাম্প চালাতে শুরু কর, নন্টে!
সুযোগ পাওয়া যায় না, তাই এই মওকায় একটু ধোঁয়া টেনে নি।
FIRE
ওক্!
ওপ্‌স! দুঃখিত, কেল্টুদা! তোমার মুখের কাছ থেকে ধোঁয়া বেরোতে দেখে ভাবলাম ওখানেই আগুন-কিন্তু তুমি যে আজকাল ইয়ে টানছো তা তো জানা ছিলো না!
স্যার ক্ষেপে লাল হয়ে যাবে যদি জানতে পারে যে, তুমি আগুন নেবানো শিক্ষা তুমি এড়িয়েছো। এই দেয়াল আলমারিটায় তুমি এখন লুকিয়ে থাকো!
হিঃ হিঃ! কেল্টোকে দেয়াল আলমারিতে ঢোকাবার সময় ওর পকেট থেকে ট্রফির আলমারির চাবি তুলে নিয়েছি!
আমরা কেকের বাক্সটা নিয়ে একই রকম দেখতে অন্য আর একটা রেখে যাচ্ছি নন্টে!
তাড়াতাড়ি কর, ফন্টে!


কিছু পরে
গররর! চাবিটা নেই! আমাকে এখানে লুকোবার অজুহাতে সুযোগ বুঝে পকেট থেকে তুলে নিয়েছে!
বাঃ! কেকের বাক্সটা এখনো ওখানেই রয়েছে! আমি জোর করে আলমারিটা খুলবো এবং... অ্যাই মরেচে! ঘন্টিটা বন্ধ করতে হবে!
উফ্! কেউ আমাকে দেখেনি! আমি আমার ঘরে কেকটা লুকিয়ে রাখি!
এই যে, কেল্টু! কেউ জোর করে ট্রফির আলমারি খুলেছে, শিগগির এসে দেখ কিছু খোয়া গিয়েছে কিনা!
হ্যাঁ, স্যার! এখুনি যাচ্ছি!
সবই ঠিকঠাক আছে, স্যার! এটা নির্ঘাত সর্ট সার্কিটের জন্যে হয়েছে!
হেঃ হেঃ! শুধু কেকের বাক্সটা নেই!
তাই হবে! তাহলে তুই যা, কেল্টু!
পরে কেল্টো যখন ঘরে গিয়ে নিজের খাবার রাখার আলমারি খুললো
ওঃ হো হো! এ কেকের বাক্সে ইঁদুর ছিলো আর সেগুলি বেরিয়ে আমার অন্য খাবার একেবারে সাবাড় করে দিয়েছে!
ভুতচ্ছাড়া কেল্টোর রাখা খানা ইঁদুর বাহিনী হানা দিয়ে এতক্ষণে বোধহয় খতম করে ফেলেছে!
সবাই আয়! আমার বাড়িতে তৈরি কেক সবাই খাবি।

নন্টে আর ফন্টে
নারায়ণ দেবনাথ
কেল্টু আমাদের সব খাবার কেড়ে নিয়ে লুকিয়ে রেখেছে, ফন্টে! কি করে ও গুলো আবার উদ্ধার করা যায় বলতো?
সর্বত্র খুঁজেছি কোথাও পাই নি। ও নির্ঘাত লুকোবার নতুন কোন জায়গা পেয়েছে।
আমরা এই জ্যাম রোলের বাক্সের মধ্যে এই মাংস সমেত হাড্ডিটা রেখে শুরু করবো।
আঃহা! লুকিয়ে জ্যাম রোল ঘরে নিয়ে যাওয়ার চেষ্টা, এঃ, নন্টে? ওটা হাত বদল কর!
জ্যাম রোল
টোপ গিলেছে, ফন্টে! প্যাকেটটা লুকোবার জন্যে নিয়ে গেছে!
খাসা!
উপাদেয় অন্য একটা খাদ্য লুকোন গেলো! শিগগিরই আমি একটা জব্বর ফিস্ট করতে যাচ্ছি!
হেঃ হেঃ!
ডেকু হাড়ের খোঁজে তেতে আছে, নন্টে! যখন ও শোঁকাশুঁকি বন্ধ করবে তখন আমরা ওর লুকোনো জায়গা খুঁজে পাবো।
আঃহা! কেল্টো এই কাঠের মেঝের মধ্যে খাবার লুকিয়ে রেখেছে!
গুপ্ত চোরা মেঝের মধ্যে এইতো আমাদের খাবার!
সব তুলে নেবো।


একটা অনুষ্ঠানে সভাপতিত্ব করতে যাবো, সাজ পোশাকে কেমন দেখাচ্ছে রে, কেল্টু.?
দারুণ দেখাচ্ছে, স্যার!
শোন! কেল্টো ওপরে আসছে
চটাৎ! চটাৎ!
এই দেয়াল আলমারিটায় ঢুকে পড়—জলদি!
আমার ঘরে কে?
দড়াম
!
কেউ ঐ আলমারিটায় লুকিয়েছে!—বেরিয়ে আয়!
ইরক্!
সপাৎ! সপাৎ! সপাৎ!
গরর! হতচ্ছাড়া মর্কট!
হেঃ হেঃ! আমরা সব খাবার কাবার করছি, এটা দেখা কেল্টোর পক্ষে খুবই বেদনাদায়ক!
ওফ্! ইয়াফ্! গেছিরে!


নন্টে আর ফন্টে
নারায়ণ দেবনাথ
নন্টে! আমি যা দেখছি তুইও কি তাই দেখছিস?
হ্যাঁ, ফন্টে! কেল্টোর ঘরে একটা ক্ষীরের পুর দেওয়া মিঠাই।
তুই এখানে দাঁড়া, নন্টে! আমি ভেতরে গিয়ে ওটা নিয়ে আসি! আরে, এই দড়িটা এখানে কি করছে?
এটাকে আমি শুধু একপাশে ঠেলে সরিয়ে দেবো।
ঠকাস!
হাঃ হাঃ! নন্টে আর ফন্টে আমার ফাঁদে পা দিয়েছে! আমার প্রিয় মিঠাই চুরি করা থেকে এটা ওদের থামিয়েছে।
কেল্টোটা কি ধড়িবাজ রে মাইরি! মারো গোলি! চল আমরা দোকান থেকে ঐ মিঠাই কিনে নিয়ে আসি।
আচ্ছা! নন্টে আর ফন্টে তাহলে একটা ক্ষীরের মিঠাই কিনেছে! একটা মিঠাইয়ের চেয়ে যদি আমার বেশী পছন্দের কিছু থাকে তো সেটা হলো দুটো মিঠাই!
এবার আমরা এটা কিনেছি। খেতে আর কেউ বাধা দিতে পারবে না।
ঐ ওরা আসছে।

এটা কি হলো!
হিঃ হিঃ! ফন্টের হাত থেকে উড়ে এসে ক্ষীরের মিঠাই আমার হাতে জুড়ে বসেছে!
হিঃহিঃ! মিঠাইটা যখন শূণ্যে উড়ে গেলো তখন নন্টে আর ফন্টের মুখ দুটো দেখবার মতো হয়েছিলো!
রাস্তার কাজ
ওহ্, গেলো!
ফ্যাচাৎ!
অ্যাই! আপনারা আমার ক্ষীরের মিঠাই বরবাদ করে দিয়েছেন!
তোমার মিঠাই?
গরর!
একি! কেল্টুদা দেখছি দ্বৈত আক্রমণে আক্রান্ত!
ঠনাক!
নন্টে! এই তালে চল আমরাও ওর ঘরে ঢুকে ক্ষীরের মিঠাইটাকে আক্রমণ করি!
ক্ষীরের মিঠাইটা দারুণ ছিলো, কেল্টুদা! তোমার জন্যে অনেকক্ষণ অপেক্ষা করেও তোমার পাত্তা পেলুম না, তাই—
বাহ্!


নন্টে আর ফন্টে
নারায়ণ দেবনাথ
এই স্কুলে দেবার জন্যে আমাদের প্রতিষ্ঠানের কিছু জিনিস এনেছি... ধ্যাৎ! চাকা পাংচার হয়ে গেলো!
গুঁইরাম এণ্ড কোং
উলস্! একটা চমৎকার ফিস রোল!
বাহ্! ক্যাঁটা পেরেক!
গুঁইরাম এণ্ড কোং
মরেচে! সুপারিনটেণ্ডেণ্ট স্যার দরজায় দাঁড়িয়ে! এটা আমি ওকে দেখতেও দেবো না।
এটা আমি এই জানালার মধ্যে দিয়ে রেখে দি তারপর ভিতরে গিয়ে এটা নিয়ে নোবো!
পাইপটায় রং করা শেষ করেছি... আরে? ওটা কি?
রোল
ফিস রোল! এটা আমাদের ঘরে নিয়ে গিয়ে কেউ এসে পড়ার আগেই দুজনে এটার সদ্গতি করে ফেলবো!
রোল
হিঃহিঃ! আমি দিব্যি স্যারকে পেরিয়ে এলাম!
ধ্রুঁই!

আমি এই বর্মটাকে ঘরে নিয়ে যাবো, কারণ- উম্ -এই প্রাচীন বর্মটার বিষয়ে কিছু জানতে হবে। হেঃ হেঃ!
এবার চুপচাপ নিজের ঘরে নিয়ে গিয়ে ফিস রোলটা বের করে নেবো।
এই যে এসে গেছি!
ঠনাৎ!
পড়ছে না, কিন্তু এক
মধ্যেই পড়বে—
ওফ্‌স্!
ঠনাৎ!
পুরোনো বর্মটা থেকে
ফিস রোল বেরিয়ে এসেছে!
হিঃ হিঃ! ফিস রোল খাওয়ার সঙ্গে এটা বেশ চিত্তবিনোদনকারী দৃশ্য
না?
২৫

নন্টে আর ফন্টে
ডেলিভারি দিতে আসছে!
পেয়ে গেছি!
ইরক!
ঘটলো!
খ্যাঁচ!
ওপস!
স্যার!

মরেচে! এটা গোঁজ হয়ে এঁটেচে!
গাপস! কেউ কেঁদো সাইজের পার্টির স্পেশাল সসেজটা হাতিয়ে নিয়েছে!
আমি নিশ্চিত জানি কে!
সসেজটার চারপাশে মাখাবার জন্যে কিছু মাখন আনতে আমি রান্নাঘরে যাচ্ছি। ওটা হড়কে বের করতে এটা সাহায্য করবে!
আঃহা! কোনে দাঁড়িয়ে কেল্টো সসেজটা খাচ্ছে!
তুই ঝট করে গিয়ে হ্যাঁচকা টান মেরে কেড়ে নে!
পেয়েছি ... ইরক! সুপারিনটেণ্ডেণ্ট স্যার!
! !
ধড়াস!
এই যে মাখন ...
আঁইক!
থ্যাপাত!
হাঃ হাঃ! কেল্টো সসেজটা ঠিকই পাচ্ছে! কিন্তু ওটা ওর কাছে খুব বেশী উপভোগ্য হচ্ছে না!



আঁফৎ!
হাঃ হাঃ! ফন্টের ঘাড়ে দোষ পড়েছে!
গরর! আমি নিশ্চিত বলতে পারি কেল্টোর দোষে আমি মাথায় প্যানের গুঁতো খেলুম!
দারুণ! এক হাঁড়ি দৈ রয়েছে!
এটাকে অরক্ষিত অবস্থায় রেখে গেছে! আমি এটাকে প্রায় ধরে ফেলেছি।
নেবার এই সুযোগ! কেল্টোর জুতোয় আমি কিছু তেল ছিটিয়ে দিই।
এবার ঠাকুর ফিরে আসার আগেই কেটে পড়ি।
মরেছে! আমার পা যে হড়কাচ্ছে!
ইয়োবক!
ওফস! ওরে! ওরে বাবা!
আমি কিছুক্ষণ ছিলুম না। তার মধ্যে এসব কি হচ্ছে
ওঃ, কেল্টো স্যারের মাথ দইয়ের হাঁড়ি ভেঙেছে! হাঁড়ির বিকল্পে কেল মাথাকেই স্যার ভাঙ চেষ্টা করছেন।

নন্টে আর ফন্টে
রায়ণ দেবনাথ
ইউলস্ ইউলস্! কিচেন থেকে কি চমৎকার সুবাস আসছে। ঠাকুর যতক্ষণ ওখানে থাকবে আমার কোন খাবার হাতাবার উপায় নেই!
ঠাকুরকে কিচেনের বাইরে আনার একটা মতলব এসেছে।
শান, লেটকু! তুই কিচেনে য়ে ঠাকুরকে বল যে, স্যার বিশেষ দরকারে এখুনি তোমাকে ডাকছে।
ঠিক আছে!
একটু পরে
হেঃ হেঃ! ঐ যে ও যাচ্ছে! আমার প্ল্যানটা ঠিক ঠিক খাটছে।
সুপারিনটেন সাব বুলাইলো কেনো?
আলুর বস্তা আনতে কেল্টোটা আজ আমাকে পাঠিয়েছে। নন্টেও এই তালে আমাদের জন্যে স্পেশাল খাবার আনছে।
আমি এটা এখানে ঠাকুরের জন্যে রেখে যাই। ধ্যাৎ! বস্তাটা ফেটে গেলো!
আলু
ঠাকুর বেরিয়ে গেছে এই তালে আমি কিছু খাবার হাতিয়ে নিয়ে যাই! হিঃ হিঃ!
বাহ! আলু চাদ্দিকে ছড়িয়েছে! এগুলিকে আমি এই কাঠের বাক্সটায় রাখি।

নন্টে আর ফন্টে
নারায়ণ দেবনাথ
আমি আমার ইলেকট্রিক হিটারে কিছু সুস্বাদু প্যান-কেক তৈরি করছি।
এবারে এটা একবার শূন্যে ছুঁড়ে
ইক! পাখার হাওয়া এটাকে জানালা দিয়ে বাইরে উড়িয়ে দিয়েছে!
আমি পুরোপুরি চেক করে দেখবো যাতে কেউ স্কুলে বাইরের খাবার ঢোকাতে না পারে।
অ্যাই মরেচে!
প্যানকেক সুপারিনটেণ্ডেণ্ট স্যারের টাকে পড়েছে!
আমি এই প্যানটা লুকিয়ে ফেলি। আমি চাই না স্যার এটা শুদ্ধ আমাকে ধরে ফেলুক।
হিঃ হিঃ! এটা আমি নন্টে আর ফন্টের ঘরে রেখে যাই!
কেল্টোর চোখ এড়িয়ে একটা ক্ষীরপুলি লুকিয়ে রেখেছিলাম। এবার আমি এটা অর্দ্ধেক খেয়ে বাকিটা নন্টের জন্যে রেখে দি ও ফিরে এসে খাবে।
এখানে কারুর কাছে ফ্রাইং প্যান আছে! কে সে?
আগে বলে নি।
গেছি রে! পুড়ে গেলো!

উওফ্!
আরফ্!
ইরক্!
হোঃ হোঃ! ডাস্টবিনে
পড়েছিস, এঃ,
ওটাই তোর
উপযুক্ত
গরর! খুব মজা!
সুপারিনটেনং সাব হামাকে বুলায় নাই। মালুম হোচ্ছে ইখানে কুচ্ছু কালা ধান্দেকো কাম চোলছে!
সাবাশ, ফন্টে! অন্ততঃ ডাস্টবিনটা পুরোনো জঞ্জালে বোঝাই ছিলো না! হেঃ হেঃ!
ইঁয়োক!
হিঃ হিঃ! এবার ডাস্টবিনটা পচা জঞ্জালে ভর্তি হয়ে গেছে!
হেল্প! এটা থেকে
মাকে বের করো!
আর সেই জঞ্জাল সাফ হবার আগেই আয় আমরা এই সব সাফ করে ফেলি।


আর
য়ণ দেবনাথ
ওহ্, দারুণ! খাবার ঘরে রাঁধুনী ছিলো না সেই ফাঁকে আমি একটা পুরো পুডিং হাতিয়েছি!
মরেছে! সুপারিনটেণ্ডেণ্ট স্যার! উনি এই পুডিং সমেত আমাকে অবশ্যই দেখবেন না!
টেবিলটার ড্রয়ারের মধ্যে এটা চালান করে দি।
সুপ্রভাত, কেল্টু!
হয়ে— সুপ্রভাত সুপারিনটেণ্ডেণ্ট, স্যার।
টেবিলটা নিয়ে সরে পড়ার এই হচ্ছে সুযোগ!
ব্যস! সুপারিনটেণ্ডেণ্ট স্যার চলে গেছেন! এবার পুডিংটা হস্তগত করবো!
নন্টে আর ফন্টে! সেই সঙ্গে টেবিলটাও হাওয়া!
আমি সঠিক জানি নন্টে আর ফন্টেই ওটা সরিয়েছে!
পুডিংটায় দাঁত বসাতে সবুর সইছে না! নন্টেকে ডেকে নিতে হবে।


অতো জলদি নয় ফন্টে! ওটা আমার পুডিং!
একি এ
সেই পুডিংট
একেবারে উ
আমার হাতে।
ফন্টেটাকে হটিয়েছি এবং আমার ছোট্ট টেবিলটা দখল করেছি
একটা নিরিবিলি ঘুপচি জায়গা পেলেই দারুণ জমিয়ে খাওয়া যাবে।
দেখে চোলেন!
আঁইক্!
ঘটাস!
ইয়াও!
এতো গোলমাল কিসের?
কোন চিন্তা নেই, মাল আমার কাছে। আর কেল্টোও পুডিংএর
বদলে চোখে সর্ষেফুল দেখছে!

নন্টে আর ফন্টে
নারায়ণ দেবনাথ
ওঃ! বড়দিনের জন্যে বোর্ডিংয়ের কিচেনে ডেলিভারির জন্যে এই সব উপাদেয় চিকেন এসেছে। আর আমি জানি ওর থেকে কি করে একটা হস্তগত করবো!
শুধু লক্ষ্য করো!
কেল্টুর তীর চিকেন ফুঁড়ে ট্রাকের কাঠে বিঁধে গেলো
একটা গেঁথেছি! ধ্যাৎ! তীরটা আবার কিছুতে আটকেছে!
জিনিস পত্র নামানোর জন্যে আপনি কি লরিটাকে কিচেনের পিছনদিকে নিয়ে যাবেন?
ঠিক আছে!
আবিশ্বাস! এক লরি খাবার!
নন্টেকে জানাবার টাইম নেই। খাবার জন্যে আমাকেই কিছু করতে হবে!
এটা যে চালিয়ে নিয়ে যাচ্ছে!
হঁয়্ক!


ওয়াহ্!
উফ্!
বলছি, চারদিকে মাটিতে দড়ি ফেলা রয়েছে কেন?
ওহ, মাথাটা গেছে!
এই তো দড়ি—মনে হয় এখনো আমি একটা চিকেন হাতাতে পারি!
শুধু ভালোমতো, বেশ জোরে একটা হ্যাঁচকা টান... ব্যাস!
আঁউফ্!
কেল্টুর টানে চিকেনটা খুললো
উফ্!
পাজি, হতচ্ছাড়া বিটলে! এই নে চিকেন! এই নে!
ইচ্ছে ছিলো মুখে পোরার কিন্তু সেটা এখন কেল্টোর মাথায় পড়ছে!
হিঃ হিঃ!

নন্টে আর ফন্টে
নারায়ণ দেবনাথ
কেল্টোর মতলবটা কি বল তো? বোর্ডিংএর নয়া গোয়ানীজ রাধুনীর এপ্রন আর টুপি নিয়ে যাচ্ছে। ওর ওপর নজর রাখতে হবে!
হ্যালো, বঙ্গ বেকারি? স্কুল বোর্ডিংএর রাধুনী বলছি। আপনি কি আপনার লোক দিয়ে দুই ডজন আপনাদের বেশ বড় ক্রীম কেক পাঠাবেন?
কেল্টু যাতে ওর মতলব হাসিল করতে না পারে সে ব্যাপারে নিশ্চিন্ত হতে চাই।
মাল পৌঁছে দেওয়ার লোকটা আমাকে চেনে না সুতরাং ও আমার এই রাধুনীর পোশাক দেখে আমাকেই কেকগুলি দিয়ে দেবে।
ধ্যাৎ! আমার টুপিটা উড়ে গেলো!
বাহ! কি বরাত! ওটা গাছে গিয়ে আটকালো।
মাল পৌঁছোবার লোকটাকে বোকা বানাতে হলে ওটা আমাকে পেতে হবে!
এই ডালটা দিয়ে আমি টুপিটাকে নীচে ফেলবো।

আমার মাথায় কিছু পড়েছে কিন্তু এই পেনসিল আর বইগুলি ঘরে নিয়ে রাখা পর্যন্ত ওটা সরাতে পারছি না।
আসছে কেল্টোটা! আমি কেকের ট্রে আর ওর রাধুনীর টুপির ছায়া দেখতে পাচ্ছি।
হেঃ হেঃ! তুমি এটা নাও আর আমি তোমার কেকগুলো নিচ্ছি!
মরেচে! ফন্টে রং নাম্বারে ঘা মেরেছে!
ওরে বাবা! এযে সুপারিনটেণ্ডেণ্ট স্যার!
গর র্!
সুপারিনটেণ্ডেণ্ট স্যার টুপিটা ফেলে গেছে। যদি তাড়াতাড়ি করি তাহলে এখনো আমি বেকারির লোকটাকে ধরতে পারি।
মাল ডেলিভারির লোকটার হাল খারাপ হওয়াতে ছুটি নিয়েছে। তাই আমাকেই এই কেক দিতে আসতে হলো।
কেল্টু!
ফ্যাচাৎ!
ঠিক আছে, কেল্টু, তুমি তোমার কেক পেয়ে গেছো —এবার দামটা দিয়ে দাও!
মরেচে! এযে বঙ্কু বেকারির বঙ্কুবাবু নিজে!

নন্টে আর ফন্টে
নারায়ণ দেবনাথ
প্রকৃতি সম্বন্ধে শিক্ষার জন্যে এটাই আমাদের আদর্শ জায়গা। ছেলেরা তোমরা যাও, আর কিছু বুনো ফুল নিয়ে এসো।
আমরা এখানে থাকি, কেল্টুদা, আর পিকনিকের জন্যে আনা খাবারের বাস্কেটটায় নজর রাখি। কেউ নির্ঘাত আমাদের খাবার হাতাতে পারে!
খুব চমৎকার পিকনিক হলো। কিন্তু এবার যাবার সময় হয়েছে।
আঃহা! নন্টে আর ফন্টেকে কি করে সরাতে হবে সেটা আমার জানা!
আমি শুধু এই দড়িটার এক প্রান্ত বেঞ্চের সঙ্গে আর অন্য প্রান্ত এই গাড়ির বাম্পারের সঙ্গে বেঁধে দিলোম।
হিঃ হিঃ!
পায়ে ভর দিয়ে দাঁড়িয়ে থাকবি কেন। ঐ বেঞ্চটাতে বসে তোরা দুজনে খাবারের ওপর নজরে রাখতে পারিস।
ভালো কথা বলেছো, কেল্টুদা!
গেছি রে!
টা-টা, নন্টে আর ফন্টে! আমি খাবারের ওপর নজর রাখবো!
হাঃ হাঃ! খাবারের কেমন হস্তান্তর! আমার ফিস্টটা জোরদার হবে!
মরেচে! হাতলটা যে খুলে এলো!


অ্যাই মরেছে! ওটা যে পূর্ণ গতিতে গিয়ে দেওয়ালে লেগে চূর্ণ হতে চলেছে!
দড়াম!
চোর চোর! পাকড়ো! আমার সব দামী জিনিস চুরি করে পালাচ্ছে!
হিঃ হিঃ! কি চিল্লাচ্ছে!
ওফ্!
দেওয়াল টপকে যে বাস্কেটটা এসেছে সেটা কি তোমার?
ওকৎ! ওটা কারুকে লেগেছে শুনেছি!
না—ওটা ওদের! ওরাই ওই ঠ্যালাগাড়িটা নীচে গড়িয়ে দিয়েছে!
ভিতরে এসো! তোমরা আমার দামী জিনিস বাঁচিয়েছো কিন্তু তোমাদের পিকনিকের খাবার নষ্ট হয়েছে! আমি তোমাদের পুরস্কৃত করবো।
!
যেখান থেকে এসব এসেছে সেখানে অনেক খাবার আছে। আমার রাঁধুনিকে জিজ্ঞেস করো।
দারুণ! এসবই কেল্টুদার জন্যে হলো!

নন্টে আর ফন্টে
নারায়ণ দেবনাথ
এদিকে ঝোপ ঝাড়ের মধ্যে অনেক তিতির পাখি ঘুরে বেড়ায়, আর আমরা আমাদের পোষা নেউলের সাহায্যে তিতির ধরে ফিস্টি করবো!
তুই পাখি ধর, ফন্টে। আমি স্যারের একটা চিঠি পৌঁছে দিয়ে আসি।
ঠিক আছে। এই খাবার নেবার বাক্সটা নেউল চিক্কুটাকে ভরে নেবার সঠিক জিনিস।
ইতিমধ্যে— কাছাকাছি একজায়গায়
পাইটা ভীষণ গরম, এটাকে ঠাণ্ডা হবার জন্যে জানালাটার সামনে রেখে দি।
হোটেল
কি দারুণ গন্ধ!
দুর্দান্ত! একটা সুন্দর পাই!
ওয়ে-ওয়ে! আমি চুপিসাড়ে ঐ ঝোপঝাড়ের আড়ালে যাবো আর এটাকে উদরসাৎ করবো!
উফ্! এটা গরম! ঠাণ্ডা হওয়ার জন্যে আমি এটা কোথাও নামিয়ে রাখবো!
এই বেঞ্চটাতে বসে আমি চিক্কুটাকে ছেড়ে দি।
পাইটা আমি এই বেঞ্চটাতে রাখি।
আআঃ! এটাই বেশ ভালো হলো!

আঁইই! আমি পুড়ে গেছি!
মরেছে! এযে ফন্টে!
আমি বলতে পারি এটা ওর খাবারের বাক্স!
গরর! কেল্টুদা ফিরে এসো!
কোন চান্স নেই! তুই আমার পাইয়ে বসেছিলি তাই আমি তোর খাবারের বাক্স নিয়েছি, ফন্টে!
তুমি আমার কাছ থেকে পালাতে পারবে না, কেল্টুদা!
একটা নৌকো!
তোর ভাগ্যটা খারাপ, ফন্টে! আমি তোর এই খাবার লেকের মধ্যিখানে গিয়ে খাবো যেখানে তুই আমাকে বিরক্ত করতে পারবি না!
হেঃ হেঃ!
এবার দেখি — এর মধ্যে ফন্টে কি সুখাদ্য এনেছে!
আঁইইঁ! আমার নাক!
হাঃ হাঃ! খুব ভালো কাজ হয়েছে, চিঙ্কু! ও আবার একটা
মাছও ধরেছে!
হিঃ হিঃ! নাকে পুরো ব্যাণ্ডেজের জন্যে কেল্টুদা নাকে মাছ ভাজার কোন গন্ধই পাবে না—
আর গন্ধ না পাওয়ার জন্যে খাওয়ার কোন ইচ্ছাই কেল্টের থাকবে না!


নন্টে আর ফন্টে
নারায়ণ দেবনাথ
ছেলেরা যখন স্কুল স্পোর্টসএ প্র্যাকটিস করছে সেই তালে আমি চুপি চুপি তাঁবুতে ঢুকে কিছু খাবার হাতিয়ে নি!
হিঃ হিঃ! মাংসের পুর দেওয়া সসেজ রোল, আমার এই হ্যাভারস্যাকে ভরবার পক্ষে যথেস্ট!
দ্যাখ, নন্টে! কেল্টো আমাদের খাবার নিয়ে পালাচ্ছে!
চুপিসাড়ে চলে গিয়ে একটা নিরিবিলি জায়গায় বসে এগুলি সব সাঁটিয়ে ফেলবো!
জ্যাভেলিন নিয়ে তৈরি হ, সবাই — ছোঁড়!
হেঃ হেঃ! আমি ওদের দেখাবো কি করে খুব দ্রুত ছুটতে হয়!
ওফ্!


আঁউফ্‌স!
আমি যখন গেট দিয়ে বেরিয়ে যেতে পারছি না তখন পাঁচিল ডিঙিয়ে যাবো!
মরেচে! পালাচ্ছে যে রে!
এই চাকাটায় সামান্য কিছু হাওয়া দিয়ে নি।
ইয়োপ্‌!
ওয়াহ্‌!
হিঃ হিঃ! সসেজ রোলগুলি ওর গাঁটরি থেকে ছিটকে বেরিয়ে আসছে!
হাঃ হাঃ! কেল্টুদা ট্র্যাম্পোলিনের ওপর কি দারুণ খেল আমাদের দেখালো! তবে ঝাঁকুনি খেয়ে খেয়ে এখন অন্য কিছু খাওয়ার ইচ্ছে আর নেই মনে হয়।

নন্টে
ফন্টে
নারায়ণ দেবনাথ
এদিকে আশে পাশে খুব চুরি হচ্ছে। চল এ ব্যাপারে কি করা যায় চল কেল্টুদার সঙ্গে পরামর্শ করি।
চল।
কেল্টুদার ঘরে এসব কি আওয়াজ হচ্ছে রে ফন্টে?
এর নাম কারাটে। কাছে আয় এমন প্যাঁচ মারবো যে, ছিটকে জানালা দিয়ে বেরিয়ে যাবি!
আমাদের কায়দা দেখিয়ে কোন ফায়দা নেই, কেল্টুদা!
এদিকটায় নাকি খুব চুরি হচ্ছে সে খবর রাখো?
বটে! ধরে নিয়ে আয় ব্যাটাকে এক প্যাঁচ মারবো আর ঘ্যাঁচ করে কচু কাটা হয়ে যাবে।

ধরে আনলে তবে তুমি কারাটে কুংফুর প্যাঁচ লাগাবে?
কারাটে কুংফুর কায়দা দেখাবার লোক পাচ্ছি না তাই ওকথা বলেছি —
— আর আমাকে বোধহয় শিগগিরই ব্ল্যাক বেল্ট দেবে!
হুঁ হুঁ!
ব্ল্যাক বেল্ট দেবে, তোমাকে? শুনেছি অনেক ধাপ পার হয়ে তারপর পায়
আমার এলেম দেখে আমাকে আগেই দিয়ে দেবে। তোরা নজরে রাখ, দেখলেই আমাকে এসে জানাবি, আমি গিয়ে হাত দিয়ে এই রকম একখানা ঝাড়বো আর ব্যাটা উলটে কাত হয়ে পড়বে।
কেল্টোটাকে কে বেল্ট দেবে কে জানে! খালি বড় বড় বুকনি।
ওকে এখন দরকার নেই। আমরাই রাতের বেলায় নজর রাখবো।
ব্যাপারটা কি ভাবে শুরু করবো সেটা ঠিক করে নিতে হবে।
অবশ্যই খুব গোপনে। যাতে কেউ টের না পায়।
সেদিন রাতে
ইস্কুল বোর্ডিং-এর মোটকা মাস্টারদে ঘর থেকে আজ কিছু হাতাতে পারি কিনা দেখি।


পেটটা একটু আলগা হয়েছে একটু ইয়ে সেরে আসি।
আহ্! আমার কি লাক! মোটু মাস্টার দরজাটা ফাঁক করেই রেখে গেলো।
বাঃ! সামনেই ব্যাগ আর ঘড়ি! চমৎকার!
হিঃ! আজ কার মুখ দেখে উঠেছিলাম, মাইরি!
এবার একটা ট্যাবলেট খেয়ে শুয়ে পড়বো।
এ-একি! আ-আমার টাকার ব্যাগ আর ঘড়ি!
কেল্টুকে দিয়ে সবাইকে ডেকে জিজ্ঞেস করি।

দরজা খোল্
কে, র‍্যা! জ্বালাতে এসেছিস!
ওঃ– ইয়ে– স্যার আপনি!
হ্যাঁ, আমি। আমার ঘর থেকে মানিব্যাগ আর ঘড়ি লোপাট। সবাইকে ডাক জিজ্ঞেস করে দেখি।
তোরা কেউ আমার ঘর থেকে ব্যাগ আর ঘড়ি নিয়েছিস?
না, সুপারিনটেণ্ডেন্ট স্যার! আমরা ওসব নিই নি!
শোনো সবাই! এই চোরকে খুঁজে বের করা চাই। কেল্টু তুই এদের নিয়ে পাহারা দিবি অন্যথা হলে কঠিন শাস্তি।
তাই হবে, স্যার!
আমরা যখন নজর রাখার ব্যবস্থা করছিলাম তখনই চুরির ঘটনা ঘটলো এবার তাহলে তুমিও পাহারা দেবে, কেল্টুদা।
পাহারা দেবার মধ্যে আমি নেই। তোরা নজ
রাখবি আর আমাকে খবর দিবি তারপর
দেখবি আমার খেল
কিন্তু এবার স্যার বলেছেন তোমাকেও পাহারা দিতে।


বলেছে তো কি হয়েছে। স্যার আমাকে বলেছে তোদের সঙ্গে আমাকে পাহারা দিতে আবার আমি তোদের বলছি তোদের নজরদারী করতে।
আর মেলা বকাসনে। আমার ঘুম পেয়েছে আমি শুয়ে পড়বো।
কাল আবার ব্ল্যাক বেল্টের জন্যে ক্যারাটে প্র্যাকটিশ করতে হবে। শেষপর্যন্ত তোদের ওপরেই না হাত পা চালাতে হয়।
চালবাজ কোথাকার!
আমরা এমনি পাহারা দেবো ঠিক করেছিলাম, এবার পেছনে স্যারের হুড়ো!
হ্যাঁ, হদ্দিশ করতে না পারলে কঠিন শাস্তি!
ওদিকে
আমার টাকা আর ঘড়ি কে সরালো! ভিতরের কেউ না বাইরের! কিন্তু কখন সরালো!
মনে পড়েছে। ঐ আমি যখন ইয়ে করতে বেরিয়েছিলাম তখনই কেউ সরিয়েছে!
চোর আবারও হয়তো আসতে পারে। ওদের জানতে না দিয়ে আমিও নজর রাখবো।

পরদিন রাত্রে
সঙ্গে আর কাউকে নিবি নাকি?
না, শুধু তুই আর আমি। বেশী সন্ন্যাসীতে গাজনের দফারফা হয়ে যাবে।
সুতরাং
সবাই ঘুমিয়েছে মনে হচ্ছে। চল, আগে স্যারের ঘরের দিকে একবার টহল দিয়ে আসি।
চল।
সব চুপচাপ হয়ে গেছে, এবার নিঃশব্দে বেরিয়ে অন্ধকারে ঘাপটি মেরে থাকি।
কি হলোরে, ফন্টে! দাঁড়িয়ে পড়লি কেন?
চুপ! আর এগোসনে, মন্টে! মনে হচ্ছে স্যারের ঘরের সামনে অন্ধকারে কেউ যেন ঘাপটি মেরে আছে!
আগে যে চুরি করেছিলো সেই ব্যাটাই আবার কিছু হাতাতে আসেনি তো!
ঠিক বলেছিস! একবার চুরি করে নিশ্চিত আবার এসেছে তাল বুঝে কিছু হাতাবে বলে।
মনে হচ্ছে ওদিকে কে যেন এসে দাঁড়িয়েছে! সেই চোরটাই মনে হয়। একবার চাদর আর লাঠি নিয়ে ও
কিন্তু বোর্ডিং-এর না বাইরের সেটাই বোঝা যাচ্ছে না।



কেল্টুদা বলেছিলো কাউকে সন্দেহজনক দেখলেই খবর দিতে।
ঠিক বলেছিস! তুই নজর রাখ আমি কেল্টুদাকে খবর দিয়ে আসি।
কি হলো? হন্তদন্ত হয়ে এসে তুললি কেন?
শিগগির চলো, কেল্টুদা! স্যারের ঘরের দরজার পাশে অন্ধকারে কে যেন ঘাপটি মেরে রয়েছে!
কি বললি ঘাপটি মেরে আছে! এবার সিনেমা স্টাইলে আমার কারাটের মারপ্যাঁচ দেখতে পাবি।
মরেছে! আমাকেই মারবে নাকি?
ব্ল্যাকবেল্ট সঙ্গে নিয়ে যাচ্ছি। শায়েস্তা করে নিজেই পরে নেবো। হেঃ হেঃ!
থ্যাপ!
থ্যাপ!
হাঃ!

ব্যাটা তস্কর! এবার তুমি হবু ব্ল্যাক বেল্টারের পাল্লায় পড়েছো — ই-আ-আহ্!
ওফ্!
থ্যাপ!
তাজ্জব! মারগুলো যেন কোন নরম কিছুতে লেগে প্রতিহত হচ্ছে! আলোটা জ্বালাতো ফন্টে!
জ্বেলে দিয়েছি, কেল্টুদা!
!
মুখের ঢাকনা সরিয়ে মুখখানা এবার দেখাও তো, চাঁদু! এরপর আমি কোমরে ব্ল্যাক বেল্ট বাঁধবো। হেঃ হেঃ!
!
!
হুঙ্ক!
তুই তাহলে এতক্ষণ আমাকে ঘুঁসোলি আর লাথালি!
গরর! হতচ্ছাড়া বিটলে! এই ব্ল্যাক বেল্ট দিয়ে তোর গলায় ফাঁস লাগাবো মর্কট!
ইস্! অন্ধকারে সেমসাইড হয়ে কেল্টোর ব্ল্যাক বেল্ট স্যার ওর গলায় লাগাতে চাইছেন, ফন্টে!

